



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর আদর্শে মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার আহবান ববি উপাচার্যের

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ মার্চ ২০২১খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১। দিবসটি উপলক্ষে সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বাধীন বাংলাদেশের স্থপতি, মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পুষ্পস্তবক অর্পণ শেষে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের মাহেন্দ্রক্ষেপে সকলকে শুভেচ্ছা জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শে অনুপ্রাণিত হয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহবান জানান। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিবেদনের পর বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ববিতা কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন “উত্তরাধিকার” পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। এছাড়া দিবসটি উপলক্ষে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া-মোনাজাত এবং বিশ্ববিদ্যালয়ের মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে বিকাল ৫ টায় এক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হবে। ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত থাকবেন বরণ্য কথা সাহিত্যিক, লেখক ও উপন্যাসিক সেলিনা হোসেন। সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় ভার্চুয়াল এ আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত থাকবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস